গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়, গাইবান্ধা সদর, গাইবান্ধা
doict.gaibandhasadar.gaibandha.gov.bd

নম্বর- ৫৬.০৪.৩২২৪.০০০.০০১.৩৩.০০০১.২৬-১৩২

তারিখ: ২৪ ভাদ্র ১৪৩৩ / ০৮ সেপ্টেম্বর ২০২৬

**সম্পূর্ণ বিনামূল্যে ফ্রিল্যান্সিং (গ্রাফিক্স ডিজাইন) প্রশিক্ষণে ভর্তি বিজ্ঞপ্তি**

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, গাইবান্ধা সদর, গাইবান্ধা-এর আয়োজনে, মানব সম্পদ উন্নয়নে কর্মহীন যুবক যুবতীদের কর্মসংস্থানের লক্ষ্যে ৩০ (ত্রিশ) দিনব্যাপী সম্পূর্ণ বিনামূল্যে ফ্রিল্যান্সিং (গ্রাফিক্স ডিজাইন) প্রশিক্ষণে ভর্তির জন্য গাইবান্ধা জেলার সদর উপজেলা ও পৌরসভার ১৮ থেকে ৩৫ বছর বয়সী কমপক্ষে এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ কর্মপ্রত্যাশী যুবক ও যুব নারীদের নিকট থেকে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অনলাইন ফর্ম পুরণের আহ্বান করা যাচ্ছে।

০১। অনলাইন আবেদনের গুগল ফর্ম লিংক: https://forms.gle/NeRmUVrEi2FE9E1N9

০২। অনলাইন আবেদনের গুগল ফর্ম আগামী ১৩/০৯/২০২৬ খ্রি., রবিবার রাত ১১.৫৯ মিনিট পর্যন্ত পুরণ করা যাবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর আবেদনের লিঙ্ক স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে এবং আবেদন করার কোন সুযোগ থাকবে না।

০৩। বৈধ আবেদনকারীদের মৌখিক পরিক্ষা আগামী ১৫/০৯/২০২৬ খ্রি., মঙ্গলবার সকাল ১০ ঘটিকায় উপজেলা আইসিটি অফিসারের কার্যালয়, গাইবান্ধা সদর, গাইবান্ধায় (উপজেলা সেবা ও তথ্য প্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র, উপজেলা প্রশাসনিক ভবনের ৫ম তলা) অনুষ্ঠিত হবে। মৌখিক পরিক্ষায় আবশ্যিকভাবে জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, সদ্য তোলা ০১(এক) কপি পাসপোর্ট সাইজের ছবি ও সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ফটোকপি জমা দিতে হবে ও মুল কপি দেখাতে হবে।

০৪। প্রশিক্ষণে প্রশিক্ষণার্থীর নিজস্ব ল্যাপটপ/কম্পিউটার থাকা বাধ্যতামুলক। দীর্ঘ সময় কাজ করার ধর্য্য ও ফ্রিল্যান্সিং প্লাটফর্মে আয় করার মানসিকতা থাকতে হবে। প্রশিক্ষণ শেষে প্রত্যেক প্রশিক্ষণার্থীকে আবশ্যিকভাবে আয় করে দেখাতে হবে।

০৫। প্রশিক্ষণার্থী বাছাইয়ের ক্ষেত্রে আইসিটি/কম্পিউটার এর উপর বেসিক ধারণা এবং ইংরেজীতে দক্ষতা রয়েছে এমন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

০৬। এ প্রশিক্ষণ সম্পূর্ণ বিনামূল্যে প্রদান করা হবে। ভর্তির জন্য কোন প্রকার ফি'র প্রয়োজন হবে না। প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের কোন প্রকার টিএডিএ প্রদান করা হবে না। প্রশিক্ষণ শেষে সার্টিফিকেট প্রদান করা হবে।

০৭। কর্তৃপক্ষ এ ভর্তি বিজ্ঞপ্তি বাতিল, পরিবর্তন বা পরিবর্ধন করার ক্ষমতা সংরক্ষণ করেন।

০৮/০৯/২০২৬

(মোঃ কাজল মিয়া)
উপজেলা আইসিটি অফিসার
গাইবান্ধা সদর, গাইবান্ধা।
মোবাইল: ০১৭২৩৩৩১৫১৭
ইমেইল: kazal.cse91@gmail.com